বার্ষিক প্রতিবেদন, ২০১৪-১৫

প্রথম সংখ্যা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও)
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০ ।
www.npo.gov.bd

আমির হোসেন আমু,এম.পি
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) **"বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫"** প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। এ সৃজনশীল প্রকাশনার সাথে জড়িত সকলের প্রতি আমার আন্তরিক শুভেচ্ছা রইল।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত শিল্পসমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা করা। বঙ্গবন্ধুর স্বপ্নের সার্থক রূপায়নে তাঁরই রক্ত ও আদর্শের সুযোগ্য উত্তরাধিকার, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশেষ করে, দেশে পরিবেশবান্ধব সবুজ শিল্পায়নের ধারা বেগবান করতে শিল্প মন্ত্রণালয় শুরু থেকেই সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর হিসেবে এনপিও সরকারের ম্যান্ডেট বাস্তবায়নে তৎপর রয়েছে। উৎপাদনশীলতা বিষয়ে জনসচেতনতা সৃষ্টি, সরকারি-বেসরকারিখাতে পরিচালিত শিল্প কারখানার ব্যবস্থাপক, কর্মকর্তা, শ্রমিক ও কর্মচারিদের জন্য দেশি-বিদেশি প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, ইনহাউজ ট্রেনিং আয়োজনসহ উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে এনপিও নানামুখি কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এর ফলে ইতোমধ্যে উৎপাদনশীলতা বিষয়ক ধারণা জনপ্রিয়তা পেয়েছে এবং উৎপাদনশীলতা আন্দোলন জাতীয় রূপ লাভ করেছে।

গুণগত শিল্পায়নের মাধ্যমে টেকসই অর্থনৈতিক উন্নয়ন বর্তমান সরকারের রাজনৈতিক অঙ্গিকার। এ অঙ্গিকার বাস্তবায়নের জন্য ম্যানুফ্যাকচারিং ও সেবা শিল্পখাতে উৎপাদনশীলতা বৃদ্ধির কোনো বিকল্প নেই। দেশে শিল্প ও সেবাখাতে উৎপাদনশীলতা যত বাড়বে, জনগণের জীবনমান তত উন্নত হবে। এ বাস্তবতা বিবেচনায় রেখে উৎপাদনশীলতা বৃদ্ধির কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এনপিও ভবিষ্যতে নতুন নতুন কর্মসূচি নিয়ে এগিয়ে যাবে-এটাই আমাদের প্রত্যাশা। আমি আশা করি, এ প্রতিবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট সকলে এনপিও'র বিগত এক বছরের উল্লেখযোগ্য কর্মকান্ড সম্পর্কে সম্যক ধারণা লাভে সক্ষম হবেন।

আমি এনপিও প্রণীত **"বার্ষিক প্রতিবেদন ২০১৪-২০১৫"** এর বহুল প্রচার কামনা করছি।

আমির হোসেন আমু, এম.পি

১৯ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,এনডিসি
সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

শিল্প মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) প্রথমবারের মত **'বার্ষিক প্রতিবেদন ২০১৪-১৫'** প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে একটি প্রতিষ্ঠানের কর্মকান্ডসহ যাবতীয় তথ্যাদির চিত্র প্রস্ফুটিত হয়। ফলে এ প্রতিবেদনের মাধ্যমে জনগণ দ্রুত ও সহজে এ প্রতিষ্ঠান সংক্রান্ত যাবতীয় তথ্য পাবে বলে আমি আশা করি।

সরকারি কাজকর্মে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সরকার তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়ন করেছে। এর মাধ্যমে প্রতিটি সরকারি প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠান সংক্রান্ত বার্ষিক কার্যক্রমের তথ্য দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে এনপিও **'বার্ষিক প্রতিবেদন ২০১৪-১৫'** প্রকাশ করতে যাচ্ছে। প্রকাশিত প্রতিবেদন পাঠ করে বিভিন্ন সরকারী ও বেসরকারী শিল্প এবং সেবা প্রতিষ্ঠান এনপিও সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে বলে আমি মনে করি।

প্রতিবেদন প্রকাশের সাথে জড়িত সকল কর্মকর্তা/কর্মচারীকে আমি অভিনন্দন জানাই। আমি এনপিও'র সর্বাঙ্গীন কল্যাণ কামনা করছি।

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি)

ড. মোঃ নজরুল ইসলাম
পরিচালক
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন(এনপিও)
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

এনপিও কর্তৃক প্রথমবারের মত বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে যার মাধ্যমে প্রতিষ্ঠানের কাজকর্ম সংক্রান্ত তথ্য প্রাপ্তি সহজতর হবে বলে আমি মনে করি । ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পেশাজীবীরা দেশের অর্থনীতির সকল খাতে উৎপাদশীলতা উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে । একটি সমৃদ্ধশালী জাতি গঠনে প্রয়োজন সর্বস্তরে উৎপাদনশীলতার উন্নয়ন ঘটানো। পরিবেশকে বিবেচনায় রেখে অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই ।

জনবলের স্বল্পতাসহ বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও এনপিও তার লক্ষ্য অর্জনে নিরলসভাবে কাজ করে যাচ্ছে । স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং দৈনন্দিন সেবা কার্যক্রমকে আরও বেগবান করার জন্য এনপিও এর বার্ষিক প্রতিবেদন আরও সহায়ক হবে বলে আমি আশা করি । এই প্রতিবেদন তৈরির ক্ষেত্রে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

আশা করি, এ প্রতিবেদনটি প্রকাশের পর সকল সরকারী/ বেসরকারী শিল্প ও সেবা প্রতিষ্ঠান সমূহ এ প্রতিষ্ঠানের কাজকর্ম সম্পর্কে বিস্তারিত তথ্য সহজে জানতে পারবে ।

(ড. মোঃ নজরুল ইসলাম)

মুখবন্ধ

যে কোন দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই। বাংলাদেশের মত শ্রম ঘন দেশে বেকারত্ব এবং দরিদ্রতা নিরসনের জন্য প্রয়োজন মানব সম্পদ উন্নয়ন, উৎপাদনশীল বা Productive কর্মসংস্থান, শ্রমিক মালিক সুসম্পর্ক ও দুর্নীতিমুক্ত সমাজ ব্যবস্থা। এ বিষয়সমূহ বিবেচনায় রেখে উৎপাদনশীলতা বৃদ্ধি করা একান্ত অপরিহার্য। বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়নের জন্য বিভিন্ন পরিসরে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে এনপিও দক্ষ জনবল সৃষ্টির প্রয়াস চালিয়ে যাচ্ছে। দেশে বিদ্যমান জনবল ও সীমিত সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা আনয়ন করা সম্ভব। সুনির্দিষ্ট সময় সীমার মধ্যে পরিকল্পিত লক্ষ্যকে বাস্তবে রূপ দিতে হলে অর্থনীতির সকল খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। এ লক্ষ্যকে সামনে রেখে এনপিও বাংলাদেশে জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের (এপিও'র) কার্যক্রমসহ এর দৈনন্দিন কার্যক্রম বাস্তবায়ন ও পরিচালনা করে আসছে।

সরকার ঘোষিত রূপকল্প ২০২১ অনুযায়ী শিল্পসমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের জন্য উৎপাদনশীলতা আন্দোলন বেগবান করা একান্ত অপরিহার্য। জাতীয় পর্যায়ে এর গুরুত্ব উপলব্ধি করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২ অক্টোবরকে **জাতীয় উৎপাদনশীলতা দিবস** ঘোষণা করেছেন। এটি উৎপাদনশীলতা বৃদ্ধির ক্ষেত্রে সরকারের সর্বোচ্চ পর্যায়ের আন্তরিকতা ও সমর্থনের ইঙ্গিত বহন করে। আশা করি এ প্রতিবেদনের মাধ্যমে সংশ্লিষ্ট সকল মহল বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতা কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে ধারণা লাভ করতে সক্ষম হবে।

ড. মোঃ নজরুল ইসলাম
পরিচালক (এনপিও)

বার্ষিক প্রতিবেদন ২০১৪-১৫

প্রথম সংখ্যা

প্রকাশনায়ঃ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

সম্পাদনায়ঃ

১। মোছাঃ আবিদা সুলতানা

২। জনাব মোঃ আমিনুল ইসলাম

সার্বিক সহযোগিতায়ঃ

১। জনাব মোঃ ফজলুল মাহমুদ

২। জনাব মোঃ শহীদ উদ্দিন

৩। শারমীন আক্তার

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
১.০ প্রতিষ্ঠানের পরিচিতি		০৮
১.১	এনপিও সৃষ্টির পটভূমি	০৮
১.২	মিশন ও ভিশন	৮-৯
১.৩	উদ্দেশ্য ও মৌলিক কর্মকান্ড	
২.০ এনপিও'র সাংগঠনিক কাঠামো ও জনবল		
২.১	এনপিও'র অর্গানোগ্রাম	১০-১১
২.২	বর্তমান ও সার্বিক পরিচালকবৃন্দের তালিকা	১২
২.৩	এনপিও'র জনবল	১২
২.৪	কর্মকর্তাদের পরিচিতি ও মোবাইল নম্বর	১৩-১৪
৩.০ এনপিও'র ব্যবস্থাপনা ও কার্যাবলি		
৩.১	এনপিও'র ব্যবস্থাপনা	১৫
৩.২	এপিও'র কার্যক্রম	১৬-১৮
৩.৩	উৎপাদনশীলতা দিবস	১৯-২০
৩.৪	ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড	২১-২৩
৩.৫	উন্নয়ন প্রকল্প	২৪
৩.৬	আপগ্রেডেশন অফ এনপিও	২৪
৪.০ এনপিও'র বিগত পাঁচ বছরের কার্যক্রম		২৫
৫.০ আর্থিক তথ্য		২৬
৬.০ তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে তথ্য প্রাপ্তি সংক্রান্ত		২৭-৩২
৭.০ সিটিজেন চার্টার		৩৩-৩৬

৮.০ ফটোগ্যালারি	৩৭-৪০

এনপিও সৃষ্টির পটভূমি:

জাতীয় অর্থনৈতিক উন্নয়নে শিল্পায়নের কোন বিকল্প নেই। একইভাবে সুষ্ঠ শিল্পায়ন নিশ্চিত করার লক্ষ্যে উৎপাদনশীলতা উন্নয়নের কোন বিকল্প নেই। শিল্প বিকাশের জন্য যেমন নতুন শিল্প কারখানা সৃষ্টির প্রয়োজন , তেমনি এ সকল কারখানার দক্ষতা ও মুনাফা বৃদ্ধি করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য উৎপাদনশীলতা বৃদ্ধিও একান্তভাবে অপরিহার্য। তাই দেশের উৎপাদনশীলতা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ১৯৮২ সালের ডিসেম্বর মাসে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে **"জাতীয় শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ কেন্দ্র (এনসিএম এল পি) "** নামে একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হয়। প্রকল্পের শুরুতে দপ্তরটি শুধু শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ এর মধ্যে সীমাবদ্ধ ছিল। কিন্তু সময়ের প্রেক্ষাপটে এর কর্মকান্ড শুধু শ্রম উৎপাদনশীলতা পরিমাপের মধ্যে সীমাবদ্ধ না রেখে সামগ্রিক উৎপাদনশীলতা পরিমাপের মধ্যে বিস্তার লাভ করে এবং প্রকল্পটির নাম পরিবর্তন করে **"বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)"** রাখা হয়। সর্বশেষে ১৯৮৯ সালে উৎপাদনশীলতা বিষয়ক কর্মকান্ডের গুরুত্ব অধিকতর অনুধাবন করে **"বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র"** প্রকল্পটিকে উন্নয়ন খাত হতে সরকারের নিয়মিত রাজস্ব বাজেটে স্থানান্তরপূর্বক শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে **"ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)"** নামে শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়।দেশব্যাপী উৎপাদনশীলতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি, উৎপাদনশীলতা উন্নয়ন কর্মসূচী প্রনয়ন ও বাস্তবায়নসহ বহুমুখী কার্যক্রমের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি তথা অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে এনপিও কার্যক্রম পরিচালনা করে আসছে। এনপিও আমাদের দেশের একমাত্র প্রতিষ্ঠান যা সরকারের উৎপাদনশীলতা নীতি প্রণয়ন ও বাস্তবায়নের কাজ করে থাকে।

সরকার কৃষি খাতসহ অর্থনীতির সকল ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এনপিও এ কাজে সরকারকে সহযোগিতা করছে। এছাড়া এপিও'র সদস্যভূক্ত দেশসমূহের উৎপাদনশীলতা উন্নয়নের বাস্তব অভিজ্ঞতা ও কর্মসূচী কাজে লাগানোর লক্ষ্যে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও'র) এর ফোকাল পয়েন্ট হিসেবে এনপিও কাজ করে থাকে।

রূপকল্প (Vision):

উৎপাদনশীলতার উন্নয়নে বাংলাদেশের প্রধান নেতৃত্বদানকারী প্রতিষ্ঠান ।

অভিলক্ষ্য (Mission) :

প্রশিক্ষণ গবেষণা এবং উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দীর্ঘ ,পরামর্শ ,এবং স্বল্প পর্যায়ে উৎপাদন এবং গুণগত পদ্ধতির উন্নয়ন এবং প্রতিযোগিতামূলক সেবা প্রদান ।

এনপিওর উদ্দেশ্যঃ‘

(ক) দেশের জনসাধারণের মধ্যে উৎপাদনশীলতা সচেতনতাবোধ সৃষ্টি করার লক্ষ্যে প্রমোটার এর ভূমিকা পালন করা;

(খ) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ,কর্মকর্তাকর্মচারী ও শ্রমিক ,দের জন্য নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা;

(গ) শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতিধারা সমুন্নত রাখার লক্ষ্যে পরামর্শ সেবা বা কনসালটেন্সী প্রদানের মাধ্যমে ক্যাটালিষ্ট হিসাবে দায়িত্ব পালন করা;

(ঘ) উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ কলাকৌশল উদ্ভাবন ও নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান করা;

(ঙ) বাংলাদেশে এপিও এর উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করা ।

এনপিওর মৌলিক কর্মকান্ডঃ‘

জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে উৎপাদনশীলতা উন্নয়নের গুরুত্ব অপরিসীম এবং ইহা পৃথিবী ব্যাপী স্বীকৃত। কারখানা প্রতিষ্ঠানসহ সকল অর্থনৈতিক কর্মকান্ডে উৎপাদনশীলতা উন্নয়নের মাধ্যমে জাতীয়/অর্থনীতির প্রবৃদ্ধি অর্জন সম্ভব। এই লক্ষ্যে এনপিও নিম্নেবর্ণিত কার্যাবলী নিয়মিত সম্পাদন করে থাকেঃ

ক. উৎপাদনশীলতা উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ;

খ. উৎপাদনশীলতার উপর প্রশিক্ষণ পরিচালনা;

গ. উৎপাদনশীলতা বিষয়ক জরিপ ও সমীক্ষা এবং গবেষণা কার্যক্রম পরিচালনা;

ঘ. উৎপাদনশীলতা তথ্য ভান্ডার গঠন ও সমৃদ্ধকরণ;

ঙ. উৎপাদনশীলতা বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য প্রচার সামগ্রী তৈরী ও বিতরণ;

চ. উৎপাদনশীলতা উন্নয়নে কনসালটেন্সী সেবা প্রদান;

ছ. কারখানা প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীল /তা উন্নয়ন কোষ গঠন ও ইহার কার্যক্রমে সহায়তা করা;

জ. উৎপাদনশীলতা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য সেমিনারআলোচনা সভা/কর্মশালা/র আয়োজন করা;

ঝ. উৎপাদনশীলতা পরিমাপের নির্ণয়ক উদ্ভাবন;

ঞ. কারখানা পর্যায়ে মজুরীর সহিত উৎপাদনশীলতার যোগসূত্র স্থাপনে পদ্ধতিগত উপায় নির্ণযের ব্যাপারে সমীক্ষা পরিচালনা ও সরকারকে পরামর্শ প্রদান করা;

চ. টোকিওস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এ)পিও(এর কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে আন্তর্জাতিক প্রশিক্ষণষ্ট ,কর্মশালা ,সেমিনার,াডি মিটিংটেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস ইত্যাদি কর্মকান্ড বাং ,লাদেশে পরিচালনা ও বাস্তবায়ন করা এবং

ছ. এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কর্মসূচী বাস্তবায়নে (এপিও) বাংলাদেশে ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করা ।

এনপিও'র অর্গানোগ্রাম

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়
সাংগঠনিক কাঠামো (T O & E)

কার্যাবলীঃ

১. উৎপাদনশীলতা উন্নয়নের জন্য সচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ;
২. উৎপাদনশীলতার উপর প্রশিক্ষণ পরিচালনা;
৩. উৎপাদনশীলতা জরিপ ও সমীক্ষা এবং গবেষণা কার্যক্রম পরিচালনা;
৪. উৎপাদনশীলতা তথ্য ভান্ডার গঠন ও সমৃদ্ধকরণ;
৫. উৎপাদনশীলতা বিষয়ে উদ্বুদ্ধকরণের জন্য প্রচার সামগ্রী তৈরি ও বিতরণ;
৬. উৎপাদনশীলতা উন্নয়নে কনসালটেন্সী সেবা প্রদান;
৭. কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন কোষ গঠন ও ইহার কার্যক্রমে সহায়তা প্রদান;
৮. উৎপাদশীলতা বৃদ্ধিতে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য সেমিনার/কর্মশালা/আলোচনা সভা আয়োজন;
৯. উৎপাদনশীলতা পরিমাপের নির্ণয়ক উদ্ভাবন;
১০. পরিকল্পনা দলিলসহ সরকারী নীতিমালায় উৎপাদন-শীলতা কনসেপ্ট সংযোজন ও বাস্তবায়নে পরামর্শ প্রদান;
১১. কারখানা পর্যায়ে মজুরীর সহিত উৎপাদনশীলতার যোগসূত্র স্থাপনে পদ্ধতিগত উপায় নির্ণয়ের ব্যাপারে সমীক্ষা পরিচালনা ও সরকারকে পরামর্শ প্রদান করা;
১২. টোকিওস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম বাস্তবায়নের দায়িত্ব পালন করা এবং এপিও সদস্যভূক্ত অন্যান্য দেশের (২০টি) সংগে উৎপাদনশীলতা কর্মকান্ড বিষয়ে যোগাযোগ রক্ষা করা; এবং
১৩. কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, ষ্ট্যাডি মিটিং, টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস ইত্যাদি কর্মকান্ড বাংলাদেশে পরিচালনা ও বাস্তবায়ন করা।

পরিচালক ৬৭

জনবল-৩
১×পরিচালক
১×সাঁটলিপিকার কাম কম্পিঃ অপাঃ
১×অফিস সহায়ক

যুগ্ম-পরিচালক

জনবল-৩
১×যুগ্ম-পরিচালক
১×সাঁট-মুদ্রাঃ কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (রসায়ন শিল্প)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (প্রকৌশল শিল্প)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (বস্ত্র শিল্প)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (পাট শিল্প)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (সেবা খাত)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

উঃ গঃ কঃ (চিনি-খাদ্য ,ক্ষুদ্র-ও কুটির শিল্প)

জনবল-৭
১×উঃ গঃ কঃ
২× গঃ কঃ
২× পরিঃ তথ্যাঃ
১×সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপাঃ
১× অফিস সহায়ক

এ্যাসিসটেন্ট প্রোগ্রামার (আইসিটি সেল)

জনবল-১
১× এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার

প্রশাসনিক কর্মকর্তা

জনবল-১৭
১× প্রশাসনিক কর্মকর্তা
১× হিসাব রক্ষক
১× সহকারী লাইব্রেরীয়ান
১× উচ্চমান সহকারী
১× টেলিফোন অপারেটর
১× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (store-in-charge)
১× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (despatch-in-charge)
১× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (general administration)
১× অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (personnel administration)
১× বিল ক্লার্ক
১× ফটোকপি অপারেটর

জনবলের সারসংক্ষেপ

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল (জাঃবেঃস্কেঃ ২০০৯ এর)	পদ সংখ্যা
	প্রথম শ্রেনী		
১.	পরিচালক	২২২৫০-৩১২৫০/-	০১(এক)
২.	যুগ্ম-পরিচালক	১৮৫০০-২৯৭০০/-	০১(এক)
৩.	উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা	১৫০০০-২৬২০০/-	০৬(ছয়)
৪.	গবেষণা কর্মকর্তা	১১০০০-২০৩৭০/-	১২(বার)
৫.	এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার	১১০০০-২০৩৭০/-	১(এক)
	দ্বিতীয় শ্রেণী		
৬.	প্রশাসনিক কর্মকর্তা	৮০০০-১৬৫৪০/-	০১(এক)
	তৃতীয় শ্রেণী		
৭.	পরিঃ তথ্যানুসন্ধানকারী	৫৯০০-১৩১২৫/-	১২(বার)
৮.	হিসাব রক্ষক	৫৫০০-১২০৯৫/-	০১(এক)
৯.	সহকারী লাইব্রেরীয়ান	৫৫০০-১২০৯৫/-	০১(এক)
১০.	সাঁটলিপিকার কাম কম্পিঃ অপারেটর	৫৫০০-১২০৯৫/-	০১(এক)
১১.	উচ্চমান সহকারী	৫২০০-১১২৩৫/-	০১(এক)
১২.	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিঃ অপারেটর	৫২০০-১১২৩৫/-	০৬(ছয়)
১৩.	অফিস সহঃকাম কম্পিঃ মুদ্রাক্ষরিক	৪৭০০-৯৭৪৫/-	০৬(ছয়)
১৪.	বিল ক্লার্ক	৪৭০০-৯৭৪৫/-	০১(এক)
১৫.	টেলিফোন অপারেটর	৪৭০০-৯৭৪৫/-	০১(এক)
১৬.	ড্রাইভার	৪৭০০-৯৭৪৫/-	০২(দুই)
১৭.	ফটোকপি অপারেটর	৪৪৮০-৮৫৯০/-	০১(এক)
	চতুর্থ শ্রেণী		
২০.	অফিস সহায়ক	৪১০০-৭৭৪০/-	৯(নয়)
২১.	নিরাপত্তা প্রহরী	৪১০০-৭৭৪০/-	২(দুই)
২২.	পরিচ্ছন্নতা কর্মী	৪১০০-৭৭৪০/-	১(এক)

সর্বমোট ৬৭ (সাতষট্টি)

যানবাহন ও মুখ্য সরঞ্জামাদির বিবরণ

যানবাহন

৩ × মাইক্রোবাস
৬ × মোটর সাইকেল
৩ × বাই-সাইকেল

সরঞ্জামাদি

৭ × কম্পিউটার
২ × ফটোকপি মেশিন
২ × ডুপ্লিকেটিং মেশিন
২ × এয়ার কন্ডিশনার
৫ × টাইপরাইটার (ইংরেজি)
১১× টাইপরাইটার (বাংলা)
১ × মাইক্রোফোন সিস্টেম
১ × ইলেকট্রিক টাইপরাইটার
৬ × ডিসপেন্স-কাম-প্রিন্টিং ক্যালকুলেটর
১ × ওভারহেড প্রজেক্টর
১ × মাল্টিমিডিয়া প্রজেক্টর
১ × ফ্যাক্স মেশিন
২২× পকেট ক্যালকুলেটর
১ × (৫+২৫) পিএবিএক্স
১ × ট্রান্সফারেন্সি মেকার
১ × ইলেকট্রিক স্টেনসিল কাটার
১ × পেপার কাটার

উঃ গঃ কঃ = উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা
গঃ কঃ = গবেষণা কর্মকর্তা
পরিঃ তথ্যাঃ = পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী

এনপিও'র বর্তমান ও সাবেক পরিচালকবৃন্দের তালিকা:

ক্রমিক নং	নাম	মেয়াদকাল	
		হইতে	মোট
১।	জনাব এ. কে. মোঃ সিরাজ উদ্দিন	ডি: /৮২	৩০.১১.১৯৮৩
২।	জনাব মোঃ আব্দুস শহীদ	০১.১২.১৯৮৩	৩০.০৬.১৯৮৫
৩।	জনাব এ. আর. এম. আনোয়ার হোসাইন	০১.০৭.১৯৮৫	০১.০৯.১৯৮৬
৪।	জনাব মোহাম্মদ আবু মিসির	০২.০৯.১৯৮৬	১৬.০২.১৯৯২
৫।	জনাব সৈয়দ আহমেদ (চলতি দায়িত্ব)	১৭.০২.১৯৯২	০১.১১.১৯৯৩
৬।	জনাব প্রফুল্ল কুমার সাহা (অতি: দা:)	০২.১১.১৯৯৩	০২.০৪.১৯৯৪
৭।	জনাব মোঃ ফজলুর রব মিয়া	০৩.০৪.১৯৯৪	১২.০৯.১৯৯৬
৮।	জনাব মোঃ তাজুল ইসলাম	০৮.০৯.১৯৯৬	৩০.০৬.১৯৯৯
৯।	জনাব মির্জা তাসাদ্দুক হোসাইন বেগ (অতি: দা:)	০১.০৭.১৯৯৯	০৬.১২.১৯৯৯
১০।	জনাব শেখ নুরুল ইসলাম (অতি: দা:)	০৭.১২.১৯৯৯	২৯.১২.১৯৯৯
১১।	জনাব মোঃ শহিদুল হক	৩০.১২.১৯৯৯	৩০.১২.২০০১
১২।	ড. মোঃ নজরুল ইসলাম (অতি: দা:)	০৩.১১.২০০২	২৭.০১.২০০২
১৩।	জনাব জামিরুল আকতার	২৮.০১.২০০২	২৭.০১.২০০৩
১৪।	ড. মোঃ নজরুল ইসলাম (চলতি দায়িত্ব)	১৫.০২.২০০৩	১৬.০২.২০০৪
১৫।	ড. মোঃ নজরুল ইসলাম	১৭.০২.২০০৪	অদ্যাবধি

এনপিও'র জনবল:

পদের নাম	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদ
প্রথম শ্রেনী	২১	১৫	০৬
দ্বিতীয় শ্রেনী	০১	০১	০০
তৃতীয় শ্রেনী	৩৩	৩০	০৩
চতুর্থ শ্রেনী	১২	১১	০১
মোট	৬৭	৫৭	১০

কর্মকর্তাদের পরিচিতিঃ

নাম	পদবী	নিজ জেলা	অত্র প্রতিষ্ঠানে যোগদানের তারিখ
ড. মোঃ নজরুল ইসলাম	পরিচালক	যশোর	৩১-০৫-১৯৮৪
জনাব মোঃ আব্দুল মুসাব্বির	যুগ্ম-পরিচালক (অ: দা:)	জামালপুর	০৭-০৮-১৯৮৩
মিসেস সেলিনা বেগম	সিনিয়র রিসার্চ অফিসার	বগুড়া	২৬-০২-১৯৮৭
জনাব মোঃ মনোয়ার হোসেন	সিনিয়র রিসার্চ অফিসার	রাজবাড়ী	২৫-০২-১৯৮৭
জনাব এ টি এম মোজাম্মেল হক	সিনিয়র রিসার্চ অফিসার	ময়মনসিংহ	২৬-০৭-১৯৮৩
জনাব মোঃ নজরুল ইসলাম	সিনিয়র রিসার্চ অফিসার	নেত্রকোনা	২৭-০১-১৯৮৭
জনাব মোঃ আমান উল্লাহ ফকির	রিসার্চ অফিসার	ময়মনসিংহ	০৩-০৭-২০১১
জনাব মুহাম্মদ আরিফুজ্জামান	রিসার্চ অফিসার	ময়মনসিংহ	২২-০২-২০১২
জনাব মোঃ ফরিদ উদ্দিন	রিসার্চ অফিসার	কিশোরগঞ্জ	২৭-১১-২০১৩
মিসেস ফাতেমা বেগম	রিসার্চ অফিসার	চট্টগ্রাম	২৭-১০-২০০৪
মিসেস আবিদা সুলতানা	রিসার্চ অফিসার	সিরাজগঞ্জ	২৬-০১-২০১৫
জনাব মোঃ রাজু আহম্মেদ	রিসার্চ অফিসার (সি.সি)	যশোর	২৯-১০-২০০৬
জনাব মোঃ আমিনুল ইসলাম	সহকারী প্রোগ্রামার	জামালপুর	১৫-০৪-২০১৪
জনাব মোঃ জহুরুল ইসলাম	প্রশাসনিক কর্মকর্তা	সিরাজগঞ্জ	২৩-১২-১৯৮২

কর্মকর্তাদের মোবাইল নম্বর:

নাম ও পদবী	মোবাইল নং	ইন্টারকম নং	ফোন নম্বর(অফিস)
ড. মোঃ নজরুল ইসলাম পরিচালক	০১৭১২-৭৭৩৪৯৬	১০১	৯৫৬২৮৮৩
জনাব মোঃ আব্দুল মুসাব্বির যুগ্ম-পরিচালক (অ: দা:)	০১৭২০-১০৭০৩২	১০৪	৯৫৮৭৫০১
মিসেস সেলিনা বেগম সিনিয়র রিসার্চ অফিসার	০১৭৩৩-৬০০৬৪৭	১০৬	৯৫৮৫৬২৫
জনাব মোঃ মনোয়ার হোসেন সিনিয়র রিসার্চ অফিসার	০১৯১২-১৬৮৮৪৭	১০৮	-
জনাব এ টি এম মোজাম্মেল হক সিনিয়র রিসার্চ অফিসার	০১৫৫২-৪৩২০৯৮	১০৩	৯৫৮৮৪১৭
জনাব মোঃ নজরুল ইসলাম সিনিয়র রিসার্চ অফিসার	০১৫৫৬-৩৩২৫৬৮	১০২	-
জনাব মোঃ আমান উল্লাহ ফকির রিসার্চ অফিসার	০১৯১১-৬৫৬৫৫৭	১১১	-
জনাব মুহাম্মদ আরিফুজ্জামান রিসার্চ অফিসার	০১৯১৪-৭৫০০০৯	১২১	-
জনাব মোঃ ফরিদ উদ্দিন রিসার্চ অফিসার	০১৭১৬৯৯১৩৮৬	১০৫	৯৫৮৫৬২৪
মিসেস ফাতেমা বেগম রিসার্চ অফিসার	০১৮৭১০৮৩৩৫৮	১১৫	-
মিসেস আবিদা সুলতানা রিসার্চ অফিসার	০১৭২২১৪৩৪২৫	১১৪	-
মোঃ রাজু আহম্মেদ রিসার্চ অফিসার (সি.সি)	০১৯২০২৮১০৬০	১১০	-
জনাব মোঃ আমিনুল ইসলাম সহকারী প্রোগ্রামার	০১৫৫৭৭৬৮০০৫	১২০	-
জনাব মোঃ জহুরুল ইসলাম প্রশাসনিক কর্মকর্তা	০১৭১১৫৮৬৭৭৭	১১৭	৯৫৮৭৪৪৫
পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী	-	১২২	-
প্রশাসন শাখা	-	১১৮	-

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ব্যবস্থাপনাঃ

এনপিও'র কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন, পরিচালনা তথা জাতীয় অর্থনীতির বিভিন্ন খাত ও কারখানা পর্যায়ে উৎপাদনশীলতার গতি সঞ্চালনের প্রয়োজনীয় দিক নির্দেশনা, নীতিমালা প্রণয়ন ও কলাকৌশল নির্ধারণে প্রয়োজনীয় পরামর্শ দেওয়ার জন্য একটি জাতীয় উৎপাদনশীলতা পরিষদ, একটি কার্যনির্বাহী কমিটি এবং খাতওয়ারী ৮টি উৎপাদনশীলতা উপদেষ্টা কমিটি রয়েছে। পরিষদ ও কমিটি সমূহের বিবরণ নিম্নে দেওয়া হলোঃ-

জাতীয় উৎপাদনশীলতা পরিষদঃ

উৎপাদনশীলতা বিষয়ক নীতি নির্ধারণ এবং সরকারকে উৎপাদনশীলতা উন্নয়নে পরামর্শ প্রদানের লক্ষ্যে সরকার পক্ষ, মালিক পক্ষ, শ্রমিক পক্ষ, পেশাজীবি, গবেষক, নীতি নির্ধারক, শিক্ষাবিদ ইত্যাদি সমন্বয়ে সর্বোচ্চ পর্যায়ের একটি বহুপক্ষীয় জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) রয়েছে । মাননীয় শিল্পমন্ত্রী এই পরিষদের সভাপতি । ৩৫ সদস্য বিশিষ্ট এই পরিষদে সরকারের পক্ষ হতে ১০টি মন্ত্রণালয়ের সচিববৃন্দ (শিল্প, পাট, বস্ত্র, বাণিজ্য, কৃষি, শ্রম ও কর্মসংস্থান, পরিকল্পনা, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ, সড়ক ও সড়ক পরিবহন বিভাগ এবং তথ্য মন্ত্রণালয়), মালিক পক্ষ হতে চেম্বারসমূহের সভাপতি, শ্রমিক পক্ষ হতে ফেডারেশনের সভাপতি/সাধারন সম্পাদক এবং শিক্ষা, পেশা ও গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ অর্ন্তভুক্ত আছেন। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর পরিচালক উক্ত পরিষদের সদস্য-সচিব।

উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটিঃ

জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি) কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০ সদস্য বিশিষ্ট একটি ত্রিপক্ষীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি আছে । রাষ্ট্রায়াত্ত কর্পোরেশন সমূহের চেয়ারম্যান, মালিক ও শ্রমিক প্রতিনিধি এই কমিটির সদস্য ।

উৎপাদনশীলতা উপদেষ্টা কমিটিঃ

এনপিও'র বর্তমান কার্যক্রম অর্থনীতির প্রধান খাতসমূহ যথা- পাট শিল্প, বস্ত্র শিল্প, রসায়ন শিল্প, প্রকৌশল শিল্প, চিনি ও খাদ্য শিল্প, ক্ষুদ্র ও কুটির শিল্প, কৃষি খাত এবং সেবা খাতসমূহে বিস্তৃত । উল্লেখিত খাত সমূহের জন্য ১০ সদস্য বিশিষ্ট একটি করে মোট ৮ টি উৎপাদনশীলতা উপদেষ্টা কমিটি রয়েছে । উপদেষ্টা কমিটি সংশ্লিষ্ট সেক্টরের উন্নয়নের জন্য বিভিন্ন পরামর্শ ও নির্দেশনা প্রদান করেন এবং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করেন।

এনপিও এর আন্তর্জাতিক যোগাযোগঃ

এনপিও জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা), আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), সেন্টার অফ ইন্টিগ্রেটেড রুরাল ডেভেলপমেন্ট ফর এশিয়া এন্ড দ্যা

প্যাসিফিক (সিরডাপ) ইত্যাদি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক কার্যক্রম পরিচালনা করে থাকে ।

এপিও'র কার্যক্রমঃ

এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) একটি আন্ত:আঞ্চলিক সরকারী প্রতিষ্ঠান (Inter-Governmental Regional Organization)। এনপিও বাংলাদেশে এপিও'র লিয়াঁজো অফিস হিসেবে এর কার্যক্রম বাস্তবায়ন করে থাকে । এরই আওতায় প্রতি বৎসর দেশের সরকারী ও বেসরকারী পর্যায়ের কমপক্ষে ৭০-৮০ জন কর্মকর্তা এবং ট্রেড ইউনিয়নের প্রতিনিধিকে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহে এপিও কর্তৃক পরিচালিত উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচীতে নিয়মিতভাবে প্রেরণ করে থাকে ।

এ ছাড়া এনপিও Global distance learning Network এর মাধ্যমে এপিও কর্তৃক পরিচালিত উৎপাদনশীলতা ও কোয়ালিটি সংক্রান্ত বিভিন্ন বিষয় যেমন- ISO9000, ISO14000, ISO18000, SA8000, CSR, Knowledge Management ইত্যাদির উপর e-Learning কোর্সে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা, ব্যবস্থাপক, মালিক, কর্মচারী ও সিবিএ প্রতিনিধিদেরকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে । e-Learning কোর্স বাস্তবায়নের ফলে দেশে বসে এশিয়ার অন্যান্য শিল্পোন্নত দেশে ব্যবহৃত উৎপাদনশীলতা উন্নয়নের কলাকৌশলগুলো জেনে স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রয়োগ করা সম্ভব হচ্ছে।

সম্প্রতি (৫-৮) অক্টোবর, ২০১৫ খ্রিঃ মহাখালীতে অবস্থিত ব্র্যাক ইউনিভার্সিটির 'Distance Learning centre' এ '15-IN-61-GE-TRC-B: e-learning on Business Excellence for the Public Sector' বিষয়ের উপর e-learning program অনুষ্ঠিত হয়েছে । উক্ত e-learning program এ বাংলাদেশ ছাড়াও ভারত, ইরান, নেপাল ও শ্রীলংকার প্রতিনিধিরা অংশগ্রহন করেছে । এনপিও উক্ত প্রোগ্রামের সমন্বয়কের দায়িত্ব পালন করে । এতে বাংলাদেশের বিভিন্ন প্রতিষ্ঠানের ২৪ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন ।

এছাড়া গত (১৬-২৮) আগষ্ট, ২০১৫ হোটেল ৭১, এ এনপিও এবং এপিও'র যৌথ উদ্যোগে DON (Development of NPO) প্রোগ্রাম অনুষ্ঠিত হয় । "Institutional Strengthening of NPO through the Development of Productivity Practitioners" শিরোনামে এই ট্রেনিং কোর্স অনুষ্ঠিত হয়েছে । উক্ত কোর্সে বাংলাদেশের সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান থেকে ২৫ জন প্রতিনিধি অংশগ্রহণ করে । এপিও'র দুই জন এক্সপার্ট এই ট্রেনিং কোর্স পরিচালনা করেন ।

হোটেল সোনারগাঁও এ আয়োজিত কর্মশালায় উপস্থিত মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু

APO - NPO Workshop on Social Marketing and Networking for National Productivity Organizations (NPOs) 12-15-May 2015,Dhaka,Bangladesh.

এছাড়াও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর সহযোগিতায়, এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (TES) প্রদান করে থাকে। পাবলিক ও প্রাইভেট সেক্টরের কোম্পানি/সংস্থা সমূহের ম্যানেজেরিয়াল ও টেকনিক্যাল সামর্থের ক্ষেত্রে যথাযথ সার্ভিস প্রদানের মাধ্যমে শক্তিশালী করা এপিও'র টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস এর উদ্দেশ্য। এপিও'র বিশেষজ্ঞদের নিকট থেকে প্রয়োজনীয় কারিগরী দক্ষতা ও টেকনিক্যাল সার্ভিস সমূহ গ্রহণ পূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি করতে পারে । এই সার্ভিস গ্রহণের ক্ষেত্রে নিয়োগকৃত প্রত্যেক এক্সপার্টের জন্য এপিওকে এককালীন ৫০ ডলার এবং সার্ভিস গ্রহণকালীন সময়ে প্রতিদিনের জন্য ১২ ডলার সম পরিমাণ দেশীয় মুদ্রা প্রদান করতে হয়। এছাড়া এক্সাপার্টদের অভ্যন্তরীণ যাতায়াত খরচ ও অন্যান্য স্থানীয় ব্যয় সার্ভিস গ্রহণকারী প্রতিষ্ঠান/সংস্থাকে প্রদান করতে হয়। এক্সাপার্টদের বিমান ভাড়া, হোটেল ভাড়া এবং দৈনিক ভাতা এপিও বহন করে থাকে। এ সার্ভিস গ্রহণের মেয়াদ ১ সপ্তাহ হতে ২ সপ্তাহ পর্যন্ত হতে পারে। টেকনিক্যাল এক্সাপার্ট সার্ভিস গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানকে এপিও'র নির্ধারিত ফরমে আবেদন করতে হয়।

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন ঘোষণাঃ

এনপিও বিগত ০২ অক্টোবর ২০১১ তারিখে হোটেল রূপসী বাংলায় **"মাল্টি ল্যাটারাল কনফারেন্স অন প্রোডাকটিভিটি মুভমেন্ট ইন বাংলাদেশ ষ্ট্র্যাটেজি ফর ২০২১"** শীর্ষক বহুমূখী জাতীয় সম্মেলনের আয়োজন করে। উক্ত সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনটি ঘোষণা দেন যথা:

১। উৎপাদনশীলতাকে **''জাতীয় আন্দোলন''** হিসেবে গড়ে তোলা ।

২। প্রতি বছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান ও উদ্যোক্তার মাঝে **''ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড''** প্রদান করা এবং

৩। প্রতি বছর ০২ অক্টোবর কে **'' জাতীয় উৎপাদনশীলতা দিবস''** হিসেবে পালন করা । উৎপাদনশীলতা উন্নয়নের জন্য এ ঐতিহাসিক ঘোষণা উৎপাদনশীলতা আন্দোলনকে আরো বেগবান ও সমৃদ্ধ করেছে।

হোটেল রূপসী বাংলায় এনপিও কর্তৃক আয়োজিত বহুপক্ষীয় সম্মেলনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী

উৎপাদনশীলতা দিবস:

মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ০২ অক্টোবর ২০১২ তারিখে এনপিও কর্তৃক প্রথমবার, ০২ অক্টোবর ২০১৩ তারিখে দ্বিতীয়বার, ০২ অক্টোবর ২০১৪ তারিখে তৃতীয় বার এবং ০২ অক্টোবর, ২০১৫ তারিখে চতুর্থ বারের মত জাতীয়ভাবে সারা দেশব্যাপী **''জাতীয় উৎপাদনশীলতা দিবস''** পালন করা হয়েছে।

এবারের উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য **"রূপকল্প-২০২১ বাস্তবায়নে প্রয়োজন বর্ধিত উৎপাদনশীলতা** অর্থ্যাৎ **Achieve vision 2021 through increased productivity"** । উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালীর আয়োজন করা হয় । র‍্যালীতে বিভিন্ন সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীসহ শিল্প মন্ত্রণালয়ের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। জাতীয় উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে সিরডাপ মিলনায়তনে এক সেমিনারের আয়োজন করা হয় । উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ। এছাড়া মন্ত্রণালয়ের সচিবসহ অন্যান্য উচ্চ পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম, অতিরিক্ত গবেষণা পরিচালক, সিপিডি । উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, শিল্প মন্ত্রী, কৃষি মন্ত্রী, শ্রম প্রতিমন্ত্রী, এফবিসিসিআই এর সভাপতি, শিল্প সচিব, এপিও সেক্রেটারী জেনারেল এর বাণী এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে উৎপাদনশীলতা আন্দোলন ও এনপিও'র ভূমিকা সম্বলিত প্রবন্ধসহ একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করা হয়। এ উপলক্ষ্যে দেশের বরেণ্য ব্যক্তিগণের লেখাসহকারে একটি স্মরণিকাও প্রকাশ করা হয়।

উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে র‍্যালী

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড:

বিগত ২০১১ সালের ২ অক্টোবর উৎপাদনশীলতা বিষয়ক বহুপক্ষীয় সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এ্যাক্সিলেন্স এওর্য়াড" প্রদানের ঘোষণা দেন। পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ৬টি ক্যাটাগরীতে ভাগ করা হয়। যেমন:

(ক) ক্যাটাগরী-এ : বৃহৎ শিল্প (২৫০ জনের অধিক কর্মরত শ্রমিক/কর্মচারী)
(খ) ক্যাটাগরী-বি: মাঝারি শিল্প (১০০-২৫০ জন কর্মরত শ্রমিক/ কর্মচারী)
(গ) ক্যাটাগরী-সি: ক্ষুদ্র শিল্প (২৫-৯৯ জন কর্মরত শ্রমিক/কর্মচারী)
(ঘ) ক্যাটাগরী-ডি: মাইক্রো শিল্প (১০-২৪ জন কর্মরত শ্রমিক/কর্মচারী)
(ঙ) ক্যাটাগরী-ই : কুটির শিল্প (পারিবারিক সদস্যদের প্রাধান্য বিশিষ্ট শিল্প প্রতিষ্ঠান যার জনবল সর্বোচ্চ ১০ জন)
(চ) ক্যাটাগরী-এফ: রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান

প্রস্তাবিত পুরস্কার প্রদানের বিষয়ে (এনপিও) যাবতীয় সাচিবিক দায়িত্ব পালন করে। প্রথমে জাতীয় দৈনিক পত্রিকা/ ইলেক্ট্রনিক মিডিয়া এবং এনপিও'র ওয়েব সাইটে বিজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা হয়। সকল সরকারি/ বেসরকারি/ বহুজাতিক/ রেজিষ্টার্ড বাংলাদেশি শিল্প প্রতিষ্ঠান আবেদন করতে পারবে। তবে কমপক্ষে ৩ বৎসর উৎপাদন/ সেবা কার্যক্রম চালু রয়েছে এরকম শিল্প প্রতিষ্ঠান আবেদনের যোগ্যবলে বিবেচিত হবে।

আবেদন পত্রের নির্ধারিত ফরম গ্রহণের সময় ক্যাটাগরী ভিত্তিক নিম্নে বর্ণিত ফি (অঙ্কের যোগ্য) প্রদান করতে হয়। যেমন:

(ক) ক্যাটাগরী-এ : বৃহৎ শিল্প	-	২৫০০/- টাকা
(খ) ক্যাটাগরী-বি: মাঝারি শিল্প	-	১৫০০/- টাকা
(গ) ক্যাটাগরী-সি: ক্ষুদ্র শিল্প	-	১০০০/- টাকা
(ঘ) ক্যাটাগরী-ডি: মাইক্রো শিল্প	-	৫০০/- টাকা
(ঙ) ক্যাটাগরী-ই : কুটির শিল্প	-	৫০০/- টাকা
(চ) ক্যাটাগরী- এফ: রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান	-	২০০০/- টাকা

প্রাপ্ত আবেদনপত্র সমূহ এনপিও কর্তৃক যাচাই বাছাই পূর্বক নম্বর প্রদান করা হয়। নম্বর প্রদানের পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এ্যাসেসমেন্ট কমিটির নিকট উপস্থাপন করা হয়। ১১ (এগার) সদস্য বিশিষ্ট এসেসমেন্ট কমিটি Assessment criteria তে প্রদত্ত মোট ১০০০ নম্বর এর ভিত্তিতে আবেদনপত্র গুলো পরীক্ষা-নিরীক্ষা ও মূল্যায়ন করেন। মূল্যায়নের পর ক্যাটাগরী ভিত্তিক প্রথম ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠান বাছাই পূর্বক চূড়ান্ত নির্বচনের জন্য ০৭ (সাত) সদস্য বিশিষ্ট জুরী বোর্ডের নিকট উপস্থাপন করেন। বিজয়ী প্রতিষ্ঠানের জন্য নিম্নোক্ত পুরস্কার প্রদান করা হয়:

১। প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এওয়ার্ড ট্রফি ;
২। প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এওয়ার্ড সংক্রান্ত সনদপত্র ;
৩। কমপক্ষে তিন বৎসর পাবলিসিটির জন্য এওয়ার্ডের লোগোর ব্যবহার

১১ নভেম্বর, ২০১৩ তারিখে শিল্প প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎকর্ষতা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ সিরডাপ মিলনায়তনে প্রথমবারের মত নির্বাচিত ১০ টি শিল্প প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান করা হয় । গত ৯ আগষ্ট ২০১৫ তারিখে পূর্বাণী হোটেলে দ্বিতীয় বারের মত ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয় । উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় শিল মন্ত্রী ও মাননীয় সচিব মহোদয় । এবার ১৭ টি প্রতিষ্ঠানকে ৬ টি ক্যাটাগরীতে এওয়ার্ড প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ হলো :

ক্যাটাগরী-এ (বৃহৎ শিল্প)

১। ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটিড

২। খুলনা শিপইয়ার্ড লিমিটেড

৩। বি আর বি কেবল ইন্ডাষ্ট্রিজ লিমিটেড

ক্যাটাগরী-বি (মাঝারী শিল্প)

৪। এনার্জিপ্যাক ইলেক্ট্রনিক্স লিমিটেড

৫। তামাই নীট ফ্যাশন লিঃ

৬। সি আই বি এল টেকনোলজি কনসালটেন্টস লিঃ

ক্যাটাগরী-সি (ক্ষুদ্র শিল্প)

৭। মেসার্স রনি এ্যাগ্রো ইঞ্জিনিয়ারিং

৮। প্রিন্স কেমিক্যাল কোম্পানী লিঃ

৯। রেজিম্যাক্স ইন্ডাষ্ট্রিজ লিঃ

ক্যাটাগরী-ডি (মাইক্রো শিল্প)

১০। খান বেকেলাইট প্রোডাক্টস

১১। বন্ধন সমাজ উন্নয়ন সংস্থা (বিএসইউএস)

ক্যাটাগরী-ই (কুটির শিল্প)

১২। অধরা বিউটি পার্লার এন্ড হ্যান্ডিক্রাফট ট্রেনিং সেন্টার

১৩। পিন্ধন

১৪। গৃহ সুখন

ক্যাটাগরী-এফ (রাষ্ট্রায়ত্ত শিল্প)

১৫। যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড

১৬। আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানী লিমিটেড

১৭। ন্যাশনাল টিউবস লিমিটেড

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান অনুষ্ঠানে উপস্থিত মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু

মাননীয় শিলমন্ত্রীর কাছ থেকে পুরস্কার গ্রহণ করছেন খুলনা শিপইয়ার্ড লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক

উন্নয়ন প্রকল্প :

ক) বাংলাদেশ সরকারের অর্থায়নে (জিওবি) ৪৪,৬৮,২৬,০০০/- (চুয়াল্লিশ কোটি আটষট্টি লক্ষ ছাবিবশ হাজার) টাকা ব্যয়ে সর্বাধুনিক সুবিধাসহ ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেড মার্কস অধিদপ্তর (ডিপিডিটি) এর অফিস ভবন তৈরীর জন্য ২০১৪-২০১৫ অর্থ বৎসরে এডিপিতে **" Construction of Office Building for National Productivity Organisation (NPO) and Department of Patents, Designs & Trademarks (DPPT) With Modern Facilities"** নামে নতুন প্রকল্প অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে আইটি ইউনিট ও তথ্য কেন্দ্র সম্বলিত আধুনিক সুযোগ সুবিধাসহ গ্রাহকদের সর্বোচ্চ সেবা প্রদানের নিমিত্তে আন্তর্জাতিক পর্যায়ের অবকাঠামো তৈরী করা সম্ভব হবে।

খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের কাজের দক্ষতা উন্নয়ন শীর্ষক ৫৪৭.২৮ লক্ষ (পাঁচ কোটি সাতচল্লিশ লক্ষ আটাশ হাজার) টাকার প্রকল্প প্রস্তুত পূর্বক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। বর্তমানে প্রকল্পের অনুকূলে বৈদেশিক সাহায্য প্রাপ্তির লক্ষ্যে পরিকল্পনা কমিশন হতে প্রকল্প প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে এনপিও'র পেশাজীবি ব্যক্তিবর্গের দক্ষতা উন্নয়ন, প্রশিক্ষণ ও কনসালটেন্সী সেবা প্রদানের মান উন্নয়ন, কাইজেন পদ্ধতির আধুনিক কলাকৌশল সম্পর্কে শিল্প প্রতিষ্ঠান সমূহকে অবহিত করাসহ এনপিওকে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে তৈরী করা সম্ভব হবে।

আপগ্রেডেশন অফ এনপিও :

বর্তমানে এনপিও কর্তৃক পরিচালিত কার্যক্রমের কলেবর বৃদ্ধি পাওয়ায় এনপিও'র কাস্টমারগণের চাহিদা অধিক হারে এবং স্বল্প সময়ে পূরণ করার জন্য অফিসের সাংগঠনিক কাঠামোকে পরিবর্তন করার জন্য প্রস্তাব রাখা হয়েছে। প্রস্তাবে বর্তমানে পরিচালকের পদকে মহাপরিচালকের পদে উন্নীত করে রাজশাহী, খুলনা, চট্টগ্রাম অঞ্চলে তিনটি আঞ্চলিক অফিস স্থাপনের প্রস্তাব করা হয়েছে।

বাংলাদেশের বর্তমান আর্থসামাজিক অবস্থা যে সব সমস্যার সম্মুখীন সেগুলোর মধ্যে মাথাপিছু নিম্ন উৎপাদন, সম্পদের যথার্থ ব্যবহারের ব্যর্থতা, সঞ্চয় ও বিনিয়োগের অসমতা, উচ্চ জনসংখ্যা বৃদ্ধির হার, ক্রমবর্ধমান বেকারত্ব, প্রযুক্তিগত অনগ্রসরতাকে অন্যতম সমস্যা হিসেবে চিহ্নিত করা যায়। এ সব সমস্যা জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের প্রধান অন্তরায়। জাতীয় অর্থনীতিকে এ দুষ্ট চক্রের আবদ্ধতা হতে মুক্ত করার একমাত্র পথ অর্থনীতির প্রতিটি খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি করা। পৃথিবী ব্যাপী স্বীকৃত এ বাস্তবতা অনুভব করে বর্তমান বিশ্বের সকল প্রগতিশীল রাষ্ট্র ব্যবস্থায় উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রমকে জাতীয় আন্দোলন হিসেবে স্বীকৃতি দেয়া হচ্ছে এবং রাষ্ট্রীয় শিল্প নীতির সাথে সামঞ্জস্য

রেখে উৎপাদনশীলতা কার্যক্রমকে ধারাবাহিক ও পদ্ধতিগত ভাবে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি করা হচ্ছে।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)এর বিগত পাঁচ বছরের কার্যক্রম

কর্মকান্ড	২০০৯১০-	২০১০১১-	২০১১১২-	২০১২১৩-	২০১৩১৪-	২০১৪-১৫
১। প্রশিক্ষণ কপ্রশিক্ষণের সংখ্যা (	২৪টি	২৩টি	২৪টি	২৫টি	২৬টি	৩৫টি
খপ্রশিক্ষণার্থীর সংখ্যা (	৭২৯জন	৭৮৬জন	৮০৫জন	৭৫০জন	৭৭৪জন	১২৬৮জন
২। কর্মশালা	৩টি	৩টি	৩টি	২টি	৩টি	৭টি
অংশগ্রহণকারীর সংখ্যা	১২৫জন	৬০জন	৭৫জন	১১০জন	৭৫জন	২৭০টি
৩। গবেষণা প্রতিবেদন	৫টি	৬টি	৮টি	৩টি	৮টি	৮টি
৪। কারখানায় ফাইভ এস ও - কিউসি সার্কেল গঠন	৫টি	৯টি	১০টি	৭টি	১২টি	১৩টি
৫। কারখানা পর্যায়ে উৎপাদন শীলতা উন্নয়ন কোষগঠন-	৯টি	৯টি	১০টি	৪টি	১৯টি	১৩টি
৬। সচেতনতা প্রচারাভিযান	৪৩টি	৩৩টি	৩৫টি	২৩টি	৩৬টি	৪০টি
৭। বেসরকারী সংস্থার সাথে আলোচনা সভা	২২টি	২৩টি	২৫টি	৩৭টি	৫৪টি	৪০টি
৮। উপাত্ত সংগ্রহ	৮০টি	৮৯টি	৮৫টি	৬৩টি	১৩২টি	৯০টি
৯। উৎপাদনশীলতা বিষয়ক প্রচার পুস্তিকা বিতরণ	৪৮২২টি	৫০১৩টি	৫৫৪১টি	২৫৫০০টি	২৫৪৫০টি	১৮৭০০টি
১০।ন্যাশনাল প্রোডাকটিভিটি কাউন্সিলসভা (এনপিসি)	-	১টি	১টি	০	১টি	টি
১১।জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সভা	-	-	১টি	১টি	স্থগিত	২টি
১২।উপদেষ্টা কমিটির সভা	৩টি	৪টি	২টি	৪টি	৫টি	১টি
১৩।এপিও প্রোগ্রামে বাংলাদেশ হইতে অংশগ্রহণকারী প্রতিনিধি (আন্তর্জাতিক)	৬৯জন	২৬জন	৩০জন	৩৭জন	৪২জন	৪৫জন
১৪।বাংলাদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক সেমিনার / সিম্পোজিয়াম এনপিও এর) সহায়তায়(এর সংখ্যা	১টি	৩টি	১টি	১টি	২টি	৮টি
অংশগ্রহণকারী প্রতিনিধি	২০জন	৯৫জন	২৪জন	২২জন	৭৩জন	২৩৪জন
১৫।টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (এপিও এর সহায়তায়)	৪টি	১টি	১টি	২টি	১টি	৯টি
১৬।কাইজেন কর্মসূচি বাস্তবায়ন	১২টি	১টি	১টি	২টি	৮টি	২টি

১৭।এপিও র যৌথ'এনপিও-উদ্যোগে গ্লোবাল ডেভেলপমেন্ট লার্নিং নেটওয়ার্কের আওতায় ডিসটেন্স লার্নিং কোর্স	৫টি	৬টি	৪টি	৬টি	৫টি	২৬টি
অংশগ্রহণকারী (সংখ্যা)	৮৪জন	১২০জন	৮৯জন	১৪০জন	১১৮জন	৫৫১জন

আর্থিক তথ্য

৩৯৩৭ - ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন

(কোটিসমূহ হাজার টাকায়)

সংবিধানিক কোড	পরিচালনা কোড	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০১৪-১৫	সংশোধিত ২০১৩-১৪	বাজেট ২০১৩-১৪
	০০০০		ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন			

	কর্মকর্তা		কর্মচারী		মোট
	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	
অনুমোদিত	২১	১	৩৫	১২	৭৯
কর্মরত	১৪	১	২৬	১১	৫২
(পুরুষ)	১২	১	২০	১০	৪৬
(মহিলা)	২	০	৩	১	৬

		অনুন্নয়ন রাজস্ব ব্যয়			
	৪২০০	অফিসারদের বেতন			
৩	৪২০১	অফিসারদের বেতন	৪৯,৭২	৪০,৮১	৪৫,১৪
		উপমোট - অফিসারদের বেতন:	৪৯,৭২	৪০,৮১	৪৫,১৪
	৪৬০০	প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন			
	৪৬০১	প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন	৪৯,২৮	৪৬,১২	৪৮,৬০
		উপমোট - প্রতিষ্ঠান কর্মচারিদের বেতন:	৪৯,২৮	৪৬,১২	৪৮,৬০
	৪৭০০	ভাতাদি			
	৪৭০১	উৎসব ভাতা	১৮,৪০	১৫,৪৪	০
	৪৭০৫	বাড়িভাড়া ভাতা	৪০,৫৭	৩৮,০৭	৪০,৬৯
	৪৭০৯	প্রভিডেন্ট ফান্ড	১,৯২	৩,০৮	২,৪৮
	৪৭১০	উৎসব ভাতা	১৪,৮৪	১০,১০	১৪,৮৭
	৪৭১৭	চিকিৎসা ভাতা	৪,০৭	৪,৮২	৪,৮৩
	৪৭৫৫	টিফিন ভাতা	৭৫	৭২	৭২
	৪৭৬৫	যাতায়াত ভাতা	৭৫	৭২	৭২
	৪৭৭০	শিক্ষা ভাতা	১,৩০	১,৩৪	০
	৪৭৯৫	অন্যান্য ভাতা	৩৩	৮	১,৪৪
		উপমোট - ভাতাদি:	৮৬,৯০	৭৭,৪০	৬৫,৭৪
	৪৮০০	সরবরাহ ও সেবা			
	৪৮০১	ডাক খরচ	৪,০০	৩,০০	৪,০০
*	৪৮০৫	ওয়াসা বিল	১,৩০	১,৫০	১,৫০
*	৪৮১৫	ব্যাংক	২০	১৩	১৩
*	৪৮১৬	টেলিফোন/টেলিগ্রাম/টেলিফ্যাক্স	১,৭০	১,৫০	১,৬০
*	৪৮১৭	টেলিফোন/ফ্যাক্স/ইন্টারনেট	৮০	৮০	৭০
	৪৮২৩	পেট্রল ও লুব্রিকেন্ট	৩,১৫	৩,১৫	৩,১৫
	৪৮৪০	প্রশিক্ষণ ব্যয়	৫০	৫০	৫০
*	৪৮৪২	সেমিনার, কনফারেন্স	৩০,০০	২০,০০	২০,০০

সংবিধানিক কোড	পরিচালনা কোড	অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০১৪-১৫	সংশোধিত ২০১৩-১৪	বাজেট ২০১৩-১৪
*		৪৮৮০	সম্মানী ভাতা/বি/পারিশ্রমিক	১,৫০	১,০০	০
*		৪৮৯০	অনুষ্ঠান/উৎসবাদি	৮,০০	১২,৫০	১৬,০০
		৪৮৯৩	যাতায়াত খরচ	৭,৯০	৭,৯০	৭,৯০
		৪৮৯৯	অন্যান্য ব্যয়	৪,৫০	৪,৫০	৪,৫০
			উপমোট - সরবরাহ ও সেবা:	৫০,৭৫	৪৩,৪৮	৪৯,৬৮
		৪৯০০	মেরামত ও সংরক্ষণ			
		৪৯০১	মোটর যানবাহন	১,৫০	১,৫০	১,৫০
		৪৯১১	অফিসগৃহ ও অন্যান্য স্থাপনা	১,২০	১,৭০	১,২০
			উপমোট - মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন:	২,৭০	২,৭০	২,৭০
			উপমোট - অনুন্নয়ন রাজস্ব ব্যয়:	২,৪১,১৮	২,২৬,৫৪	২,২২,৭০
			অনুন্নয়ন মূলধন ব্যয়			
		৬৮০০	সম্পদ সংগ্রহ / ক্রয়			
*		৬৮১০	আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম	১,০০	৪,৫০	৪,৫০
*		৬৮১৫	কম্পিউটার ও যন্ত্রাংশ	২,০০	২,১০	২,১০
*		৬৮২১	অন্যান্যসমূহ	১,৫০	১,৫০	১,৫০
			উপমোট - সম্পদ সংগ্রহ/ক্রয়:	৪,৫০	৮,১০	৮,১০
			উপমোট - অনুন্নয়ন মূলধন ব্যয়:	৪,৫০	৮,১০	৮,১০
			মোট - ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন:	২,৪৫,৬৮	২,০৪,৬৪	২,৩০,৮০
			মোট - ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন:	২,৪৫,৬৮	২,০৪,৬৪	২,৩০,৮০

তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে তথ্য প্রাপ্তি সংক্রান্তঃ

তথ্যঃ তথ্য অর্থে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা পত্র, গবেষণা প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভূক্ত হবে;

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভূক্ত হবে না।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য সরবরাহের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের নাম।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম	পদবী	মোবাইল/ফোন	
০১.	জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি	সচিব	৯৫৬৭০২৪	আপীলকারী কর্মকর্তা
০২.	জনাব এ টি এম মোজাম্মেল হক	সিনিয়র রিসার্চ অফিসার	০১৫৫২৪৩২০৯৮	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

তথ্যের শ্রেণিবিন্যাসঃ

তথ্য অধিকার আইন অনুযায়ী আইনের বিধানাবলি সাপেক্ষে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে ও জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য সরবরাহ করতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন বাধ্য থাকবে। সংরক্ষিত তথ্য সমূহকে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

- স্ব-প্রণোদিত তথ্য
- চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

স্ব-প্রণোদিত তথ্যঃ

এই শ্রেণির আওতাভূক্ত তথ্যগুলো এনপিও'র ওয়েবসাইটে (www.npo.gov.bd) প্রকাশিত হবে।

স্ব-প্রণেদিত তথ্যের তালিকাঃ

- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের সাংগঠনিক কাঠামোর বিবরণ
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কার্যক্রম
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর
- ই-মেইল ঠিকানা
- বার্ষিক প্রতিবেদন
- এনপিও'র বাজেট প্রজ্ঞাপন (অনুন্নয়ন ও উন্নয়ন)
- সকল প্রকাশিত গবেষণা প্রতিবেদন

- তথ্য অধিকার আইন অনুযায়ী নিয়োজিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, আপীল কর্তৃপক্ষ ও তথ্য কমিশনারদের নাম, পদবী ও ঠিকানা
- এপিও'র সদস্য ভূক্ত দেশ সমূহের তালিকা
- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারার বিধান সাপেক্ষে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচন কর্মসূচী সংক্রান্ত তথ্য
- সকল বিজ্ঞপ্তি/টেন্ডার বিজ্ঞপ্তি
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র সভা সংক্রান্ত তথ্য

চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যঃ

এই শ্রেণির আওতাভূক্ত তথ্যগুলো তালিকাভূক্ত করা আছে । এই তথ্যগুলো ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে। এ তালিকাটি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্যের তালিকাঃ

- বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ :

কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়ঃ

তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় বর্ণিত এনপিও'র জন্য প্রযোজ্য কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন বাধ্য থাকবে না। এ তালিকাটি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক নির্ধারিত ও অনুমোদিত হবে। এ তালিকাটি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক ৬ মাস পর পর পর্যালোচনা করে প্রয়োজনে সংযোজন/বিয়োজন করা হবে।

যে সমস্ত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয়ঃ

- তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সংক্রান্ত সিদ্ধান্ত/নির্দেশনা/অনুশাসন
- রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন
- সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য

তথ্যের ভাষাঃ

(ক) যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো ব্যবহৃত বাংলা ভাষায় পাওয়া যাবে।
(খ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সেভাবেই প্রদান করা হবে।
(গ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কোন তথ্য ভাষান্তর/অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নিবে না।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধিঃ

তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ, বিধি মোতাবেক তথ্য সরবরাহ, তথ্য সংরক্ষণ তথ্য প্রকাশে কর্তৃপক্ষকে সহায়তা ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন তৈরি। প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সার্বিক সহায়তা করা । প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে কমিশনের অন্য কোন পারদর্শী কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

আবেদন প্রক্রিয়াঃ

কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে নির্ধারিত ফরমে বা সাদা কাগজে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। আবেদনের ফরম ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন এর অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে।

আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(ক) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল এর ঠিকানা;
(খ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;
(গ) আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;
(ঘ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি,
(ঙ) আবেদনকারী প্রতিবন্ধী হলে সহায়তাকারীর তথ্য।

তথ্য প্রদানের সময়সীমাঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা না থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০(বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকৃত তথ্য সরবরাহ করবেন। ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য ও অন্যান্য ক্ষেত্রে যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে।

তথ্য প্রদানে অপারগতাঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা আবেদনকারীকে অবহিত করবেন।

আপীল প্রক্রিয়া ও সময়সীমাঃ

কোন ব্যক্তি তথ্য অধিকার আইনের ধারা-৯ (১), (২) বা (৪) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার বিধিমালার ফরম 'গ' অনুযায়ী আপীল করা যাবে। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে শুনানী শেষে আপীল নিষ্পত্তি করবেন।

তথ্য অবমুক্তকরণের ছকঃ

আবেদন সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	মাসের নাম	আবেদনকারী নাম ও ঠিকানা	আবেদনের বিষয়	সিদ্ধান্ত		
				তথ্য প্রদানকৃত	স্থগিত	খারিজ

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

১।	আবেদনকারীর নাম	:	----------
	পিতার নাম	:	----------
	মাতার নাম	:	----------
	বর্তমান ঠিকানা	:	----------
	স্থায়ী ঠিকানা	:	----------
	ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে)	:	----------
	পেশা	:	----------
২।	কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)	:	----------
৩।	কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী	:	----------
	(ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি)	:	----------
৪।	তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা	:	----------
৫।	প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা	:	----------
৬।	তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	:	----------
৭।	আবেদনের তারিখ	:	----------

আবেদনকারী স্বাক্ষর

তথ্য সরবরাহের অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বরঃ তারিখঃ

প্রতি

আবেদনকারী নামঃ ----------

ঠিকানাঃ ----------

বিষয়ঃ তথ্য সরবরাহের অপারগতা সম্পর্কে অবহিতকরণ ।

প্রিয় মহোদয়,

আপনার . . . . . .তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা-

১। . . . . . .

. . . . . .

২। . . . . . .

. . . . . .

৩। . . . . . .

. . . . . .

(. . . . . .)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম

পদবী

দাপ্তরিক সীল

আপীল আবেদন

১।	আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ)	: . . . . .
২।	আপীলের তারিখ	: . . . . .
৩।	যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে উহার কপি (যদি থাকে)	
৪।	যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে)	: . . . . .
৫।	আপীলের সংক্ষিপ্ত বিবরণ	: . . . . .
৬।	আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ)	: . . . . .
৭।	প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি	: . . . . .
৮।	আপীলকারী কর্তৃক প্রত্যয়ন	: . . . . .
৯।	অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন	: . . . . .

আপীলকারীর স্বাক্ষর

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিমোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা-

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য
১	২	৩
১	লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ছবি, কম্পিউটার প্রিন্টসহ)	A-৪ ও A-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২(দুই) টাকা হারে এবং তদুর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য
২	ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে	(১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে । (২) তথ্য সরবরাহকারী ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য।
৩	গবেষণা প্রতিবেদন, প্রকাশনা, পোষ্টার, লিপলেট ইত্যাদি	বিনামূল্যে

তথ্য প্রাপ্তির স্থান :

ওয়েবসাইটে : এনপিও'র ওয়েবসাইট (www.npo.gov.bd) এ এনপিও সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে ।

নোটিশ বোর্ড : এছাড়া নোটিশ বোর্ডেও প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া যাবে ।

তথ্য প্রদানকারী কর্মকর্তা: তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবেন ।

সিটিজেনস চার্টার

নাগরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	উৎপাদনশীলতা বিষয়ক নীতি নির্ধারণীতে সরকারকে সহযোগীতা প্রদান।	সর্বোচ্চ নীতি নির্ধারণী মহলে সুপারিশ পেশ করা।	-	-	-	ড. মোঃ নজরুল ইসলাম পরিচালক ফোন নং-৯৫৬২৮৮৩ ফ্যাক্সঃ ৯৫৮৫৬২৩
২	দেশের মানবসম্পদ উন্নয়নের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ প্রদান।	এনপিও'র সহিত প্রতিষ্ঠানের যোগাযোগের মাধ্যমে	লেকচার, বুকলেট, হ্যান্ডআউট, পোষ্টার, লিফলেট, ইত্যাদি এনপিও	কোন ফি-প্রদান করতে হয় না	৩০ দিনের মধ্যে	সংশ্লিষ্ট সেক্টরের উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা
৩	কর্মশালা, জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠান।	এনপিও'র বার্ষিক কর্ম-পরিকল্পনা অনুযায়ী	-	কোন ফি প্রদান করতে হয় না।	-	পরিচালক, এনপিও
৪	উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে কনসালটেন্সি বা পরামর্শ প্রদান	প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক	-	কোন ফি প্রদান করতে হয় না	আবেদন প্রাপ্তির ১ মাসের মধ্যে	সংশ্লিষ্ট উর্দ্ধতন গবেষণা কর্মকর্তা
৫	উৎপাদনশীলতা দিবস পালন	দিবস উপলক্ষ্যে র্যালী, সেমিনার আয়োজন, স্যুভেনিয়র প্রকাশ ও জেলায় জেলায় পোষ্টার বিতরণ	-	কোন ফি প্রদান করতে হয় না	প্রতি বছর ০২ অক্টোবর	পরিচালক, এনপিও'র তত্ত্বাবধানে

প্রাতিষ্ঠানিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১						
২	গবেষণা প্রতিবেদন প্রস্তুত	এনপিও বিভিন্ন প্রতিষ্ঠান হইতে উৎপাদনশীলতা বিষয়ক তথ্য সংগ্রহ করে গবেষণা প্রতিবেদন প্রণয়ন করে। গবেষণা প্রতিবেদনে প্রতিষ্ঠানের দূর্বলতা ও সফলতা বিষয়ে আলোচনা করে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করা হয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রতিবেদন প্রেরণ করা হয় ।	পূরণকৃত নির্ধারিত প্রশ্নমালা এবং এনপিও	বিনামূল্যে	তথ্য সংগ্রহের পরবর্তী ৪ মাস	সেক্টরে কর্মরত গবেষণা কর্মকর্তা
৩	ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রদান ।	এওয়ার্ডের ফরমে উল্লেখিত সকল কাগজপত্র এবং এনপিও প্রতিষ্ঠানের ওয়েবসাইড ও পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদনপত্র আহবান করা হয়। আবেদনপত্র প্রাপ্তির পর এ্যাসেসমেন্ট কমিটি নির্ধারিত ক্রাইটোরিয়া অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষে জুরী বোর্ড চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে।	পূরণকৃত নির্ধারিত প্রশ্নমালা এবং এনপিও	প্রতিষ্ঠানের ক্রাইটোরিয়া অনুযায়ী নির্ধারিত এওয়ার্ডের ফরম গ্রহণ করার সময় ক্রাইটোরিয়া অনুযায়ী ফরমের মূল্য পরিশোধ করতে হয়।	আবেদনপত্র জমা দেওয়ার সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর হতে পরবর্তী ০৬ মাসের মধ্যে।	মোঃ নজরুল ইসলাম উধ্বর্তণ গবেষণা কর্মকর্তা মোবা:- ০১৫৫৬৩৩২৫৬

অভ্যন্তরীণ সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পদ্ধতি	সেবা প্রদানের সময় সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা	পত্রের মাধ্যমে	১। আবেদনপত্র ২। **কর্মচারী:** সার্ভিস বহি অনুযায়ী ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র সাপেক্ষে, **কর্মকর্তা:** সিএও শিল্প মন্ত্রণালয় কর্তৃক ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্র সহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ ।	মূল্য প্রয়োজন হয়	৭ দিন	(ড. মোঃ নজরুল ইসলাম) পরিচালক, এনপিও ফোন নং-৯৫৬২৮৮৩ ফ্যাক্সঃ ৯৫৮৫৬২৩
২	আনুতোষিক ও পেনশন মঞ্জুরি	পত্রের মাধ্যমে	১। আবেদনকারী কর্তৃক পূরণকৃত পেনশন ফরম ও কাগজপত্র সমূহ : **পেনশনার (কর্মচারী):** আবেদনপত্র, পেনশন ফরম-৩টি, সিএও শিল্প মন্ত্রণালয় কর্তৃক শেষ বেতন সনদ ও চাকুরীর বিবরণী-৩ কপি, পাসপোর্ট সাইজের ছবি-৪ কপি, নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙুলের ছাপ-৩ কপি, উত্তরাধিকারী ঘোষণাপত্র-৩ কপি, শেষ কর্মস্থলের না-দাবি সনদ -২ কপি, বিভাগীয় মামলা নেই-২ কপি, জাতীয়তা সনদ -২ কপি, অঙ্গীকারপত্র – ২ কপি, অবসর আদেশ -২ কপি, চাকুরী বহি-১ কপি, সরকারি বাসা সংক্রান্ত না-দাবি, সরকারি গাড়ি ব্যবহারের না-দাবি (প্রয়োজনীয় ক্ষেত্রে সত্যায়িত ফটোকপি)। **পেনশনার (কর্মকর্তা):** উল্লেখিত সকল কাগজ পত্রাদি সংযুক্ত পূর্বক পেনশন মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক পেনশন ফরমের ৩য় অংশে স্বাক্ষরের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ । **পারিবারিক পেনশন (চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে):** আবেদনপত্র, পেনশনফরম-৪ কপি, সিএও শিল্প মন্ত্রণালয় কর্তৃক শেষ বেতন সনদ ও চাকুরীর বিবরণী-৩ কপি, পাসপোর্ট সাইজের	মূল্য প্রয়োজন হয় না	১৫ দিন	
৩	ভবিষ্যৎ তহবিল অগ্রিম	পত্রের মাধ্যমে	১। আবেদনপত্র। ২। কর্মচারী: সিএও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ভবিষ্য তহবিলের সংশ্লিষ্ট অর্থ বছরের জমা স্লিপ । কর্মকর্তা: সিএও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত ভবিষ্য তহবিলের সংশ্লিষ্ট অর্থ বছরের জমা স্লিপ সহকারে মঞ্জুরী পত্র জারীর জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্ররেণ ।	মূল্য প্রয়োজন হয় না	৫ দিন	

আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত সেবা :

আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সিটিজেনস চার্টার লিঙ্ক আকারে যুক্ত করতে হবে।

অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS):

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্র. নং	কখন যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নাম ও পদবি: জনাব মোঃ ফরিদ উদ্দিন গবেষণা কর্মকর্তা ফোন: ৭১৬৯২৪৮, মোবা: ০১৭১৬৯৯১৩৮৬ ইমেইল: farid.npo64@yahoo.com	৩ দিন
২	GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	নাম: ড. মোঃ নজরুল ইসলাম পদবি: পরিচালক ফোন: ৯৫৬২৮৩, মোবা: ০১৭১২-৭৭৩৪৯৬	৩ দিন

আপনার কাছে আমাদের প্রত্যাশা

ক্রমিক নং	প্রতিশ্রুত/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়
১)	নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান
২)	প্রয়োজনীয় ফিস পরিশোধ করা
৩)	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা

ফটো গ্যালারী

উৎপাদনশীলতা দিবস-২০১৫ উপলক্ষ্যে আয়োজিত সেমিনারে উপস্থিত মাননীয় বাণিজ্য মন্ত্রী ও অন্যান্য সম্মানিত অতিথিবৃন্দ

হোটেল সোনারগাঁও এ আয়োজিত কর্মশালায় উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ ও অংশ গ্রহণকারী প্রতিনিধিবর্গ

উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে স্বাগত ভাষণ দিচ্ছে এনপিও পরিচালক ড. মোঃ নজরুল ইসলাম

উৎপাদনশীলতা দিবসের র‍্যালী

এপিও সোসাইটির বার্ষক সাধারণ সভা

উৎপাদনশীলতা দিবস-২০১৩ উৎযাপন উপলক্ষ্যে র‍্যালী

এপিও সোসাইটির বার্ষিক সাধারণ সভা

উৎপাদনশীলতা দিবস উপলক্ষ্যে আয়োজিত সেমিনার

মাননীয় শিলমন্ত্রী কোয়ালিটি এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ট্রফি তুলে দিচ্ছেন

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড প্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিদের সাথে সচিব মহোদয় ও এনপিও পরিচালক